



বিরোধীদলীয় নেতার সঙ্গে টোকিও প্রশাসনের সৌজন্যে সাক্ষাৎ



বিরোধীদলীয় নেতার সঙ্গে টোকিও প্রশাসনের বৈঠক বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে টোকিও মেট্রোপলিটন গভর্নমেন্টের ভাইস গভর্নর মাৎসুমোতো আকিকোর সৌজন্য সাক্ষাৎ। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে বৈঠক করেছেন টোকিও মেট্রোপলিটন গভর্নমেন্টের ভাইস গভর্নর মাৎসুমোতো আকিকো। সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময়ের এ বৈঠকে নগর উন্নয়ন, নাগরিক সেবা ও দুর্যোগ ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হয়।

বৃহস্পতিবার (৭ মে) গণমাধ্যমে পাঠানো এক বার্তায় বিষয়টি জানান জামায়াতের কেন্দ্রীয় প্রচার বিভাগের সিনিয়র প্রচার সহকারী মুজিবুল আলম। বৈঠকে আরও উপস্থিত ছিলেন দলের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য সাইফুল আলম খান মিলন এবং বিরোধীদলীয় নেতার পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ব্যারিস্টার মীর আহমাদ বিন কাসেম আরমান।

জাপানের প্রতিনিধি দল টোকিওর আধুনিক নগর ব্যবস্থাপনা, ভূমিকম্প ও বন্যা মোকাবিলার প্রস্তুতি, পরিবেশসম্মত নগর পরিকল্পনা এবং নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা সম্পর্কে ধারণা তুলে ধরে। পাশাপাশি বাংলাদেশের বড় শহরগুলোতে প্রযুক্তিনির্ভর ও টেকসই ব্যবস্থাপনা চালুর বিষয়েও মতামত দেওয়া হয়।

ডা. শফিকুর রহমান বাংলাদেশের নগর উন্নয়ন ও জনসেবায় জাপানের অভিজ্ঞতা কাজে লাগানোর আগ্রহের কথা জানান। বৈঠকের শেষদিকে টোকিওর স্মার্ট সিটি উদ্যোগ, পরিবহন নেটওয়ার্ক এবং দুর্যোগ প্রস্তুতি নিয়ে একটি উপস্থাপনা প্রদর্শন করা হয়।